



## পুলিশ সংস্কার ও সক্ষমতা বাড়াতে ফ্রান্সের সহায়তা চাইলেন স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ ও ফ্রান্সের রাষ্ট্রদূত জঁ-মার্ক সেরে-শার্লো। ছবি: সংগৃহীত

স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ বলেছেন, দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতি উন্নয়ন ও বাহিনীগুলোর সক্ষমতা বাড়ানো সরকারের প্রধান অগ্রাধিকার। এজন্য পুলিশকে আধুনিকায়ন, প্রশিক্ষণ জোরদার এবং কাঠামোগত সংস্কারে ফ্রান্সের সহযোগিতা চাওয়া হয়েছে।

রোববার সচিবালয়ে জঁ-মার্ক সেরে-শার্লো-এর সঙ্গে সৌজন্য সাক্ষাতে দুই দেশের মধ্যে নিরাপত্তা সহযোগিতা আরও বিস্তৃত করার বিষয়ে আলোচনা হয়। সেখানে সন্ত্রাস দমন, মব নিয়ন্ত্রণ, ফরেনসিক সক্ষমতা বৃদ্ধি, পারস্পরিক আইনগত সহায়তা এবং র্যাবের কাঠামোগত সংস্কারসহ বিভিন্ন বিষয় উঠে আসে।

মন্ত্রী জানান, পুলিশ সংস্কারকে সরকার অত্যন্ত গুরুত্ব দিচ্ছে এবং তা ধাপে ধাপে বাস্তবায়ন করা হচ্ছে। একই সঙ্গে তিনি বলেন, কোনো ধরনের মব বা বিশৃঙ্খলা সরকার বরদাস্ত করছে না, তবে শান্তিপূর্ণ রাজনৈতিক কর্মসূচির সুযোগ থাকবে।

বৈঠকে অ্যান্টি টেররিজম ইউনিট ও সিটিটিসি-কে ফরাসি দূতাবাসের সঙ্গে সমন্বয়ে কাজ করার নির্দেশনা দেওয়ার বিষয়টিও উল্লেখ করা হয়। পাশাপাশি আইজিপি, বিজিবি, কোস্টগার্ড ও আনসারের সঙ্গে ফ্রান্সের নিরাপত্তা সহযোগিতা সহজ করতে প্রয়োজনীয় অনুমোদনও দেওয়া হয়েছে। ফরাসি রাষ্ট্রদূত বাংলাদেশ-ফ্রান্স সম্পর্ক আরও গভীর করার আগ্রহ প্রকাশ করেন এবং বিশেষ করে ফরেনসিক ল্যাব উন্নয়নে চলমান সহায়তার কথা পুনর্ব্যক্ত করেন।